

নং-৩৮.০১.০০০০.০২০.০১.০৫২.১৮-৬২৩

তারিখ : ১৯ শ্রাবণ ১৪২৭ বা.  
০৩ আগস্ট ২০২০ খ্রি.


বিষয় : স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক  
দিবস ২০২০ পালন উপলক্ষ্যে কর্মসূচি গ্রহণ সংক্রান্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।

সূত্র : প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৮.০০২.০২৩.০০.০০.০০১.২০০৬-৬৮০, তারিখ ৩০ জুলাই ২০২০ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদাত বার্ষিকীতে আগামী ১৫ আগস্ট ২০২০ তারিখ শনিবার জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে গত ১৬ জুলাই মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত সভায় বিভিন্ন দপ্তর/বিদ্যালয়ের প্রতিপালনীয় সম্পর্কে কতিপয় সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের আলোকে শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের প্রতিপালনীয় সিদ্ধান্তসমূহ :

- (১) শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়সমূহে জাতীয় শোক দিবস ১৫ আগস্ট ২০২০ তারিখ শনিবার জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে;
- (২) ভারুয়াল প্ল্যাটফর্ম ব্যবহার করে শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা, জাতীয় শোক দিবসের সংঙ্গে সঙ্গতিপূর্ণ কবিতা পাঠ, রচনা প্রতিযোগিতা, পঠন দক্ষতার প্রতিযোগিতা, হামদ ও নাত্ প্রতিযোগিতা ও দোয়া মাহফিলের আয়োজন;
- (৩) জেলা ও উপজেলা শিক্ষা অফিস হতে পোস্টার সংগ্রহ ও বিদ্যালয়ের দর্শনীয় স্থানে স্থাপন করতে হবে;
- (৪) বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামাচা, সিক্রেট ডকুমেন্ট অব ইন্টেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অব দি নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, আমার দেখা নয়া চীন ও বাংলাদেশ শিশু একাডেমী কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক ২৬টি গ্রন্থ সকল শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ক্রয় ও পাঠের ব্যবস্থা এবং বিদ্যালয়ের বিভিন্ন দিবসসমূহে আয়োজিত অনুষ্ঠানে পুরস্কার হিসেবে কৃতি শিক্ষার্থীদের উপহার হিসেবে প্রদান করতে হবে।

এমতাবস্থায় যথাযোগ্য মর্যাদায় ১৫ আগস্ট ২০২০ জাতীয় শোক দিবস পালনের লক্ষ্যে স্ব স্ব বিদ্যালয় পরিচালনা কমিটির সাথে আলোচনা করে বর্ণিত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মো: সানিউল্লাহ)  
উপ-পরিচালক (চ.দা.)  
শিশু কল্যাণ ট্রাস্ট  
ই-মেইল: skt.dpe@gmail.com

প্রধান শিক্ষক

শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়/কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (সকল)

.....  
.....

অনুলিপি সদয় অবগতির জন্য :

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। ড. মো: মাহবুবুর রশীদ, উপসচিব (প্রশাসন-২), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অফিস কপি।